গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

নম্বরঃ ২১.০০.০০০০.৪৫৬.২৭.০০১.১৮-১৮১

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ / ০৫ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের ১ম ত্রৈমাসিকের (০১ জুলাই ২০২১ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত) পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত।

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের ১ম ত্রৈমাসিক (০১ জুলাই ২০২১ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত) পরিবীক্ষণ প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে ১ (এক) পাতা।

(মোঃ আফজল হোসেন)
মহাপরিচালক
ও
ফোকাল পয়েন্ট (অনিক)

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃআঃ উপ সচিব, সুশাসন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা শাখা)।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। সিনিয়র প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অফিস কপি।

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬
আইএমইডি
পরিকল্পনা মন্ত্রণালয়

বিষয়ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রম অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) অনুযায়ী পরিচালিত হয়ে আসছে। জুলাই ২০২১ হতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত সময়ে ওয়েব সাইটের মাধ্যমে প্রাপ্ত মোট ০৩টি অভিযোগ পাওয়া গিয়েছে এবং ০৩টি অভিযোগই বিধি মোতাবেক নিষ্পত্তি করা হয়েছে। অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন বিধি মোতাবেক পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ এবং আইএমইডি'র ওয়েবসাইটে যথারীতি আপলোড করা হচ্ছে।

০২। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপীল কর্মকর্তার তথ্য ওয়েব সাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের নির্দেশনার প্রেক্ষিতে গত ৩০/৯/২০২১ তারিখে ২১.০০.০০০০.০২২.৯৯.০১৬.১৮-৩৪২ নং স্মারকে অফিস আদেশ জারী করা হয়েছে এবং ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখ সর্বশেষ ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে।

০৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জি.আর.এস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রতি ত্রৈমাসিকে ০১টি করে করার বিধান রয়েছে। সে অনুযায়ী ১ম ত্রৈমাসিকের প্রশিক্ষণটি গত ২৩/৯/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

০৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বছরে ০২টি সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। অদ্যাবধি অংশীজনের অংশগ্রহণে সভা করা হয় নাই। তবে নভেম্বর/ডিসেম্বরে অংশীজনের সমন্বয়ে অবহিতকরণ সভার কর্মপরিকল্পনা করা হয়েছে।

০৫। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা (বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২) অনুযায়ী এ বিভাগে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে।

(মোঃ আফজল হোসেন)
মহাপরিচালক
ও
ফোকাল পয়েন্ট (অনিক)

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ইউও নোট নং-২১.০০.০০০০.৪৫৬.২৭.০০১.১৮-১৭৮ তারিখঃ ৫-১০-২০২১ খ্রি: